APR 10 2001

ভোরের কাগজ

তারিখ ........
পৃষ্ঠা ...৮... কলাম ...৮...

# বেসরকারি শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনর্গঠিত

কাগজ প্রতিবেদক : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনর্গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি এক প্রজ্ঞাপন জারি করে এই ট্রাস্ট পুনর্গঠন করেছে।

পুনর্গঠিত ট্রাস্টের সভাপতি পদাধিকার বলে শিক্ষা সচিব এবং ভাইস চেয়ারম্যান পদাধিকার বলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক। ট্রাস্টি বোর্ডের সদস্য সচিব করা হয়েছে ঢাকার শেখ বোরহানুদ্দীন পোস্ট গ্রাজুয়েট কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে।

প্রজ্ঞাপনে ট্রাস্টি বোর্ডের শিক্ষক ও কর্মচারী সদস্যদের নাম প্রকাশ করা হয়েছে। শিক্ষক সদস্যবৃন্দরা হলেন মোহাম্মদপুরের বেঙ্গলি মিডিয়াম হাইস্কুলের প্রধান শিক্ষক আবু বক্কর সিদ্দিক, মিরপুরের

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

ঢাকা মঙ্গলবার ১০ এপ্রিল ২০০১

## বেসরকারি শিক্ষক ও

● প্রথম পাতার পর ড. শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠের প্রধান শিক্ষক এম এ আউয়াল সিদ্দিকী, সিলেটের কুড়ারবাজার কলেজের অধ্যক্ষ এ কে এম গোলাম কিবরিয়া তপাদার, মোহাম্মদপুরের কাদেরিয়া তৈয়বিয়া কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবু তালেব এবং যশোরের কেশবপুর বাজার কামিল মাদ্রাসার অধ্যক্ষ মোঃ বোরহান উদ্দিন।

এদিকে পুনর্গঠিত ট্রাস্টি বোর্ডের সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ গতকাল সোমবার এক বিবৃতিতে আশাবাদ ব্যক্ত করে বলেছেন যে, বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের মধ্যে যে ১৮৪০ জনের হিসাব ইতিমধ্যেই চূড়ান্ত হয়েছে, ক্রমানুসারে তাদেরকে বা তাদের মনোনীত প্রতিনিধিদের ট্রাস্ট থেকে প্রাপ্য আর্থিক সুবিধা প্রদান সত্বর শুরু করা সম্ভব হবে। যার পরিমাণ মোট ৫ কোটি ৩৯ লাখ ৬৫ হাজার ২৯ টাকা। চলতি (এপ্রিল) মাসের মধ্যেই প্রাপকদের প্রাপ্য অর্থ প্রদানের লক্ষ্যে ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে চিঠি প্রেরণ করা হবে বলে বিবৃতিতে তিনি জানিয়েছেন।